

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (NTRCA)
রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (৪র্থ তলা)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.ntrca.gov.bd


স্মারক নং- ৩৭.০৫.০০০০.০১১.০১.০০১.২১-৮০

তারিখ: ১৪ জ্যৈষ্ঠ, ১৪৩০ বঙ্গাব্দ
২৮ মে, ২০২৩ খ্রিষ্টাব্দ

তৃতীয় গণবিজ্ঞপ্তির ২য় ধাপ ও বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর ৫১ জন প্রার্থীর নিয়োগ সুপারিশ বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বেসরকারি শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন কর্তৃপক্ষ (এনটিআরসিএ) থেকে গত ৩০.০৩.২০২২ তারিখে ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় ২য় ধাপে ৭০১৭ জন প্রার্থী এবং গত ০৬.০২.২০২২ তারিখে বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর আওতায় ৪৭৫২ জন প্রার্থীকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৪.১১.২০২২ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭৩.১০১.১৯.২১ (অংশ-১)-৩১২ এর নির্দেশনা অনুযায়ী পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় ৩য় গণবিজ্ঞপ্তির ২য় ধাপে ৯১১ জন ও বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর ৩৮১৯ (MPO-NON MPO) জন প্রার্থীকে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। তার মধ্যে ১৪জন নির্বাচিত প্রার্থী ভিআর ফরম দাখিল করেন ও তাদের সনদ যাচাই চলমান থাকায় ইতঃপূর্বে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়নি। পরবর্তীতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ১৮ মে, ২০২৩ খ্রিঃ তারিখের স্মারক নং ৩৭.০০.০০০০. ০৭৩.১০১.১৯. ২১ (অংশ-১).১১৮ এর মাধ্যমে পুলিশ/নিরাপত্তা ভেরিফিকেশন কার্যক্রম চলমান অবস্থায় প্রাথমিকভাবে নির্বাচিত অবশিষ্ট প্রার্থীগণের মধ্যে ৩য় গণবিজ্ঞপ্তির আওতায় ২য় ধাপে নির্বাচিত ১৩ জন প্রার্থী এবং বিশেষ গণবিজ্ঞপ্তি ২০২২ এর আওতায় নির্বাচিত ২৪ জন প্রার্থীকে নিয়োগ সুপারিশ প্রদান বিষয়ে অনুমোদন প্রদান করা হয়েছে।

২। উল্লিখিত (১৪+১৩+২৪) = ৫১ জন প্রার্থীকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের অনুমোদনের প্রেক্ষিতে নিয়োগ সুপারিশ প্রদান করা হয়েছে এবং সুপারিশপ্রাপ্ত প্রার্থী এবং সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে নিয়োগ সুপারিশ প্রদানের বিষয়টি SMS এর মাধ্যমে অবহিত করা হয়েছে। সংশ্লিষ্ট প্রার্থীকে স্ব স্ব ইউজার আইডি ও পাসওয়ার্ড ব্যবহার করে এনটিআরসিএ'র ওয়েবসাইট থেকে নিয়োগ সুপারিশপত্র ডাউনলোডপূর্বক সুপারিশপত্রের প্রিন্টেড কপি নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সুপারিশপত্রে উল্লিখিত তারিখের মধ্যে যোগদান করার জন্য অনুরোধ করা হলো। “নিয়োগ সুপারিশপত্র” এনটিআরসিএ'র ওয়েবসাইটের (www.ntrca.gov.bd) “বিশেষ গণবিজ্ঞপ্তি-২২ ও ৩য় গণবিজ্ঞপ্তির ২য় ধাপ” নামক সেবাবঞ্জের “৫১ জনের সুপারিশ” মেনুতে পাওয়া যাবে।


(এ বি এম শওকত ইকবাল শাহীন)

সদস্য (যুগ্মসচিব)
শিক্ষাতত্ত্ব ও শিক্ষামান (অতিরিক্ত দায়িত্ব)
ফোনঃ ৪১০৩০০৪৭